

(প্রেস বিজ্ঞপ্তি)

২২ এপ্রিল ২০২২

মহানগর যুবলীগের উদ্যোগে অসহায় মানুষের মাঝে ঈদ উপহার বিতরণকালে মেয়র
বাংলাদেশের অগ্রগতি বিশ্বে
শীর্ষ স্থান পৌঁছাবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, পঁচাত্তরের পনের আগস্টের পর বাংলাদেশের সব অগ্রযাত্রা থমকে গিয়েছিলো। একটি গোষ্ঠী সংবিধান লংঘন করে মার্শাল ল' জারি করে অবৈধভাবে ক্ষমতায় এসেছিল। তারা আসলে এই দেশের উন্নতি চায়নি বরং স্বাধীনতা বিরোধী এবং জাতির পিতাকে যারা স্বপরিবারে হত্যা করেছিল তাদের ক্ষমতায় বসানো হয়েছিল। স্বাভাবিকভাবে তাদের মানসিকতাই ছিল স্বাধীনতা বিরোধী। যে কারণে বাংলাদেশের অগ্রগতি থমকে যায়। তিনি আরো বলেন, আমাদের দেশের অর্থনীতি কৃষিভিত্তিক কিন্তু শিল্পায়নও প্রয়োজন এর মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে এবং দেশের মানুষের ক্রয় ক্ষমতা বৃদ্ধি পাবে। আজ শুক্রবার বিকেলে আত্মবাদ হাতেখড়ি স্কুল মাঠে মহানগর যুবলীগের সভাপতি দেবশীষ পাল দেবুর উদ্যোগে দুঃস্থ অসহায় মানুষের মাঝে ঈদ উপহার বিতরণকালে একথা বলেন।

কাজী মোহাম্মদ আরেফুর রহমানের সভাপতিত্বে মো. সরোয়ারের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন প্যানেল মেয়র আফরোজা কালাম, ওয়ার্ড কাউন্সিলর জাফরুল হায়দার চৌধুরী, অধ্যক্ষ মোস্তফা কামাল চৌধুরী, উপ-পুলিশ কমিশনার আবদুর ওয়ারিশ, মো. জালাল, আনিফুর রহমান লিটু, আবুল কাশেম ভূঁইয়া, আবদুর রহিম, শাহিনুর বেগম প্রমুখ।

মেয়র আরো বলেন, মুজিব আদর্শের সৈনিকরা বিপদে আপদে মানুষের কাছে এগিয়ে আসে। বিগত করনাকালীন সময়ে তারা সে প্রমাণ রেখেছে। তিনি দেবশীষ পাল দেবুর এই উপহার সবার সাথে ঈদের আনন্দ ভাগাভাগি করার একটি উদ্যোগ বলে মত প্রকাশ করেন।

ডক বন্দর আঞ্চলিক শ্রমিক লীগের সভায় মেয়র
উন্নত বাংলাদেশ গড়ে বন্দর শ্রমিকদের
অবদান হবে ----

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, জাতির পিতার স্বপ্ন পূরণের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের দারিদ্র বিমোচন, মানুষের আর্থ সামাজিক উন্নয়ন এবং বাংলাদেশকে উন্নত দেশ হিসেবে গড়ে তুলার লক্ষ্যে ইতোমধ্যে একটি পরিকল্পনা স্থির করেছেন। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত সমৃদ্ধ দেশ হিসেবে গড়ে উঠবে। এর জন্য শ্রমিক সমাজকে সবচেয়ে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। দায়িত্ব নিতে হবে বন্দর জাতীয় শ্রমিক লীগের মতো সঙ্গঠনকে। যারা বঙ্গবন্ধুর আদর্শের বিশ্বাসী। আজ শুক্রবার বিকেলে নিমতলাস্থ একটি কমিউনিটি সেন্টারে জাতীয় শ্রমিক লীগ ডক বন্দর আঞ্চলিক শাখার উদ্যোগে আয়োজিত ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

বন্দর শ্রমিক লীগের সভাপতি আবদুল খালেক চৌধুরীর সভাপতিত্বে এম.জেড আলম চৌধুরীর সঞ্চালনায় ইফতার মাহফিলে আরো বক্তব্য রাখেন মহানগর শ্রমিক লীগ সভাপতি বখতিয়ার উদ্দিন খান, এড. মাহফুজুর রহমান খান,

এরশাদুল আলম চৌধুরী, জামাল উদ্দিন, বেলাল হোসেন, জিয়াউর রহমান বাবুল, মহিউদ্দিন মহাজন, আবদুল কাদের সুজন, রফিকুল ইসলাম প্রমুখ।

মেয়র আরো বলেন, এক এগারোর জরুরী অবস্থার পর বন্দরে শ্রম অসন্তোষ নিরসনের লক্ষ্যে বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগে আন্তঃমন্ত্রণালয় চুক্তির মাধ্যমে শ্রমি অসন্তোষ নিরসনের ব্যবস্থা হয়েছিল। এরই প্রেক্ষিতে এইওইউ চুক্তি সম্পাদিত হয়। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ডক বন্দর শ্রমিক ফেডারেশনের চুক্তি মোতাবেক অফিস আদেশ জারি করে। কিন্তু তা কার্যকর না হওয়ায় শ্রমিদের মাঝে অসন্তোষ বিরাজ করছে। তিনি শ্রম অসন্তোষ নিরসনে বন্দর কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩